

କୁଝାରା ବିବେକାନନ୍ଦ ଯୁବ ପାଠ୍ୟଚକ୍ର

(অখিল ভারত বিবেকানন্দ যুব মহামন্ডল-এর ভাবাদর্শে পরিচালিত)

স্থাপিত - ২০১৬ পি ইউ - ২৫৮

গ্রাম + পোঁ - কুয়ারা, জেলা - পূর্ব বর্ধমান, পিন নং - ৭১৩১৪৩

স্মারক নং - ১৭ | 2024-25

তারিখ - ২৪.০৮.২৪

মাননীয় অধ্যক্ষ মহাশয় সমীপেষ্ট

বিষয় : স্বামী বিবেকানন্দের ভাবাদর্শে যুব শিক্ষণ শিবির

ମହାଶୟ/ ମହାଶ୍ୟା,

কুয়ারা বিবেকানন্দ যুব পাঠচক্রের উদ্যোগে আগামী ১৬ ই সেপ্টেম্বর ২০২৪ ,
সোমবার, মেমিয়ারী সতীশচন্দ্র স্মৃতি উচ্চ বিদ্যালয়-এ একটি সারাদিনের যুব শিক্ষণ শিবিরের
আয়োজন করা হয়েছে। এ ধরনের শিবিরে মূলত ছাত্র, যুবক, শিক্ষক মহাশয়েরা যোগদান
করে থাকেন। শিবিরে আলোচ্য বিষয় রয়েছে মনের একাগ্রতা বৃদ্ধির উপায়, চরিত্র গঠনের
ব্যবহারিক পদ্ধতি, জীবনগড়া, স্বামী বিবেকানন্দের জীবন ও বাণী প্রভৃতি। এই সংবাদটি
আপনার ~~মৃত্যু~~বিদ্যালয়ের ছাত্রদের জ্ঞানান্তরের জন্য আবেদন রাখছি। শিবিরে যোগদানের
নিয়মাবলী সঙ্গে দেওয়া হলো।

ବିନ୍ଦୀତ

Suman Ghosh

সম্পাদক

କୁଯାରା ବିବେକାନନ୍ଦ ଯୁବ ପାଠ୍ୟକ୍ରମ

Secretary

Kuara Vivekananda Yuva Pathachakra
Kuara, Purba Bardhaman

অধিল ভারত বিবেকানন্দ যুব মহামন্ডল সম্পর্কে বিস্তারিত জানতে লগইন করুন www.abvym.org

କୁଯାରା ବିବେକାନନ୍ଦ ଯୁବ ପାଠ୍ୟଚକ୍ର

(অখিল ভাৰত বিবেকানন্দ যুব মহামন্ডলৰ ভাবাদৰ্শে পৱিচালিত)

গ্রাম + পোষ্ট : কুয়ারা, জেলা : পূর্ব বর্ধমান, পিন: ৭১৩ ১৪৩

योगायोग : ९१३२५२८१४२ / ९१३५८१४७९८

ଆবেদন পত্র

ମାନନୀୟ ସମ୍ପାଦକ,

କୁଯାରା ବିବେକାନନ୍ଦ ଯୁବ ପାଠ୍ୟକ୍ରମ

କୁଯାରା, ପୂର୍ବ ବର୍ଧମାନ ।

ମହାଶୟ,

আমি / আমরা সারাদিনের যুব শিক্ষণ শিবিরে যোগদান করতে আগ্রহী। আমি/আমরা শিবিরের নিয়মাবলী মেনে চলব।

আমাকে/আমাদের শিবিরে যোগদানের অনুমতি প্রদানের অন্তর্বোধ জানাই।

୧୮

বিশ্বনাথ -

কুয়ারা বিবেকানন্দ যুব পাঠ্যক্রম

(অখিল ভারত বিবেকানন্দ যুব মহামণ্ডল-এর ভাবাদর্শে পরিচালিত)

কুয়ারা, পূর্ব বর্ষমান

স্বামী বিবেকানন্দের ভাবাদর্শে সাবাদিন ত্যাগী যুব শিক্ষণ শিখিত

স্থান - মেঝিয়ারী সতীশচন্দ্র স্মৃতি উচ্চ বিদ্যালয়, মেঝিয়ারী, পূর্ব বর্ষমান

তারিখ : ১৬ই সেপ্টেম্বর, ২০২৪ (সোমবার)

সময় : সকাল ৯টা থেকে বিকেল ৪টা

“যাতে চরিত্র তৈরী হয়, মনের শক্তি বাড়ে, বুদ্ধিম বিকাশ হয়,
নিজের পায়ে নিজে দাঁড়াতে পারে, এইরকম শিক্ষা চাই।”

-স্বামী বিবেকানন্দ

সুধী,

আমাদের ব্যক্তি জীবন আজ নানান সমস্যায় জড়িত। সমস্যার সমাধানে গৃহীত
রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক পরিকল্পনাগুলি প্রায় ব্যর্থ। কেননা কোনো
পরিকল্পনাই যথার্থ ফলপ্রসূ হতে পারেনা, যদিনা পরিকল্পনা রূপায়নে দায়িত্বপ্রাপ্ত মানুষগুলি
হয় শুভবুদ্ধি সম্পন্ন, চরিত্রবান ও মনোভাবটি হয় নিঃস্বার্থপূর। তাই যা কিছু প্রয়োজনীয়
সেসব কিছু আলোচনার শেষে স্বামী বিবেকানন্দ সার কথাটি বলেছিলেন - ‘‘অতএব আগে
এমন মানুষ তৈরী কর। যারা দেশের জন্য সর্বস্ব ত্যাগে প্রস্তুত, যাদের হাড় পর্যন্ত নিষ্ঠা
দ্বারা গঠিত, এমনিতরো মানুষ যেদিন জাগবে, তখনই ভারত সবদিক দিয়ে বড় হয়ে
উঠবে।’’

তাই অল্প বয়স থেকেই প্রথাগত শিক্ষার পাশাপাশি প্রকৃত মানুষ হয়ে ওঠার শিক্ষাটি
অতি প্রয়োজনীয় যা পেতে পারি স্বামী বিবেকানন্দের শিক্ষা থেকে। এই শিক্ষা যুবকদের
সামনে তুলে ধরার জন্য আগামী ১৬ই সেপ্টেম্বর, ২০২৪, সোমবার, মেঝিয়ারী সতীশচন্দ্র
স্মৃতি উচ্চ বিদ্যালয়ে একটি একদিবসীয় যুব শিক্ষণ শিখিবের আয়োজন করা হয়েছে।

এই শিখিবের মনের একাগ্রতা বৃদ্ধির উপায়, চরিত্র গঠনের পদ্ধতি, জীবন গড়া, জাতীয়
সংহতি, বর্তমান সমাজে স্বামী বিবেকানন্দের চিন্তার প্রাসঙ্গিকতা, স্বামীজীর জীবন ও বাণী
প্রভৃতি বিষয়ে আলোচনা হবে।

এই শিখিবের ছাত্র, যুবক, অভিভাবক, শিক্ষকসহ সমাজের সকল স্তরের ব্যক্তিদের
যোগদানের সাদর আমন্ত্রণ জানাই।

বিনীত

সদস্যবৃন্দ

কুয়ারা বিবেকানন্দ যুব পাঠ্যক্রম

জ্ঞাতব্য বিষয়

- শিবিরে কেবলমাত্র পুরুষরাই যোগদান করতে পারবেন।
- নবম শ্রেণীতে পাঠরত বা ১৫ বছরের উধের্বে যে কোন ব্যক্তি শিবিরে যোগদান করতে পারবেন।
- শিবির পরিচালনা ও আহারাদির খরচ বাবদ ৩০ টাকা দিয়ে নাম নথিভুক্ত করতে হবে।
- সকালে জলখাবার ও দুপুরে আহারের ব্যবস্থা থাকবে।
- সঙ্গে জলের বোতল, নোটবুক ও পেন আনতে হবে।
- শিবিরে আলোচনা চলাকালীন মোবাইল ফোন ব্যবহার করা যাবে না।
- সকাল ৯টার মধ্যে শিবিরে যোগদান করতে হবে ও বিকেল ৪টের পর শিবির ত্যাগ করা যাবে।
- শিবিরটি দুপুর ২.৩০ মিনিট থেকে পুরুষ ও মহিলা নির্বিশেষে সকলের জন্য উন্মুক্ত থাকবে।

যোগাযোগের ফোন নং : ৯৭৩৫৮১৪৭৯৮ / ৯৭৩২৫২৮১৪২

শিবিরে আলোচ্য বিষয় সম্বলিত পুস্তিকার বিক্রয় কেন্দ্র থাকবে।

কুয়ারা বিবেকানন্দ যুব পাঠচক্রের সাম্প্রাহিক পাঠচক্র

স্থান : স্বর্গীয় উমাপতি চক্ৰবৰ্তীৰ বাড়ি, কুয়ারা দোলতলা

সময় : প্রতি রবিবার সন্ধ্যা ৬.৩০ মিনিট

যোগাযোগ :

শ্রী সুমন ঘোষ - ৯৭৩২৫২৮১৪২

শিশু বিভাগ (বিবেক বাহিনী)

প্রতি মঙ্গল, বৃহস্পতি, শনি ও রবিবার

স্থান : নিবেদিতা শিশু উদ্যান

যোগাযোগ :

শ্রী গৌতম ঘোষ - ৬২৯৫৭৫৮০৩৮

শ্রী সুদীপ ঘোষ - ৬২৯৪৯৬০৮৪৮